জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধীকার

অতীব জরুরী

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৮৪০ তারিখ: ০৯ পৌষ ১৪২৫ / ২৩ ডিসেম্বর ২০১৮

# পরিপত্র-১৮

**বিষয়: একাদশ জাতীয় সংসদ নির্বাচনে একজন বৈধভাবে মনোনীত প্রার্থীর মৃত্যুজনিত কারণে ৩১ গাইবান্ধা-৩ নির্বাচন এলাকার তফসিল ঘোসণা, গণ-বিজ্ঞপ্তি জারী**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে, একাদশ জাতীয় সংসদ নির্বাচনে জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ নির্বাচনি এলাকার বৈধভাবে মনোনীত প্রার্থী জনাব ডঃ টি,আই,এম ফজলে রাব্বি চৌধুরী-এর মৃত্যুজনিত কারণে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১৭ অনুচ্ছেদের (২) দফার বিধান অনুসারে নির্বাচন কমিশন গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতা বলে উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে ১ (এক) জন সংসদ সদস্য নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভোটারগণকে আহ্বান জানাইতেছে এবং নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন [সময়সূচির প্রজ্ঞাপন সংযুক্ত (সংলগ্নী-১)]:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৯ পৌষ ১৪২৫ / ০২ জানুয়ারি ২০১৯ | (বুধবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ পৌষ ১৪২৫ / ০৩ জানুয়ারি ২০১৯ | (বৃহস্পতিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৭ পৌষ ১৪২৫ / ১০ জানুয়ারি ২০১৯ | (বৃহস্পতিবার) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **১৪ মাঘ ১৪২৫ / ২৭ জানুয়ারি ২০১৯** | **(রবিবার)** |

০২। **মনোনয়নপত্র দাখিল:** জারীকৃত সময়সূচি অনুসারে আগামী ০২ জানুয়ারি ২০১৯ তারিখ অর্থাৎ যদি কোন প্রার্থী বা তার প্রস্তাবক বা সমর্থক মনোনয়নপত্র দাখিলের জন্য নির্ধারিত শেষ দিন অথবা উক্ত শেষ দিনের পূর্ববর্তী কোন দিনে রিটার্নিং অফিসারের নিকট বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোননয়নপত্র দাখিল করতে আসেন, তা হলে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১(১) এবং ১২(৩) অনুচ্ছেদ অনুযায়ী তা গ্রহণ করতে হবে এবং সহকারী রিটার্নিং অফিসারগণকেও গ্রহণ করার জন্য নির্দেশ দেবেন। তবে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১৭ অনুচ্ছেদের (২) দফার শর্তাংশ অনুসারে ০৮ নভেম্বর ২০১৮ তারিখে জারীকৃত সময়সূচি ও ১২ নভেম্বর ২০১৮ তারিখে জারীকৃত সংশোধিত সময়সূচি অনুসারে উল্লিখিত নির্বাচনি এলাকায় ইতোপূর্বে **যাদের নাম প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকায় রয়েছে তাদেরকে নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না এবং জামানতের অর্থও জমা দিতে হবে** না।

০৩। **রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসার নিয়োগ:** জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ নির্বাচনি এলাকার নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিশন জেলা প্রশাসক, গাইবান্ধা ইতোমধ্যে রিটার্নিং অফিসার এবং উপজেলা নির্বাহী অফিসার, সাদ্যুল্লাপুর ও উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী-কে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করে ০৮ নভেম্বর ২০১৮ তারিখে একটি গেজেট বিজ্ঞপ্তি জারী করেছে । নির্বাচন পরিচালনার ক্ষেত্রে সহকারী রিটার্নিং অফিসার আইন ও বিধি মোতাবেক রিটার্নিং অফিসারকে সকল প্রকার সহায়তা প্রদান করবেন এবং কমিশনের নির্দেশ সাপেক্ষে প্রয়োজনবোধে রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন ।

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৪। **সময়সূচি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারী, মনোনয়নপত্র গ্রহণ ও বাছাই:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১ অনুচ্ছেদের (২) ও (৩) দফার বিধান অনুসারে বর্ণিত নির্বাচনি এলাকার নির্বাচনের সময়সূচি ঘোষণার পর, যথাশীঘ্র সম্ভব গণ-বিজ্ঞপ্তি জারী করতে হবে। গণ-বিজ্ঞপ্তিতে কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচির উল্লেখ থাকবে । এতদভিন্ন রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের স্থান ও সময় উল্লেখ করে একই গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে মনোনয়নপত্র আহ্বান করতে হবে । গণ-বিজ্ঞপ্তির অনুলিপি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার দর্শনীয় স্থানসমূহে টংগিয়ে দিবেন এবং অনুলিপি রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারদের অফিসে টাংগিয়ে জারী করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। কাজের সুবিধার্থে গণ-বিজ্ঞপ্তির একটি নমুনা এতদসংগে প্রেরণ করা হলো (সংলগ্নী-২)।

**০৫। মনোনয়নপত্র বাছাই আদেশের বিরুদ্ধে আপিল:** গনপ্রতিনিধিত্ব আদেশের ১৪ অনুচ্ছেদের **(৫)** দফা অনুসারে মনোনয়নপত্র বাছাইয়ান্তে রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তে কোন প্রার্থী বা কোন ব্যাংক সংক্ষুব্ধ হলে নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৫ বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের **পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে অর্থাৎ ০৬ জানুয়ারি ২০১৯ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে** প্রার্থী স্বয়ং অথবা প্রার্থী কর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা কোন ব্যাংক আপিল দায়ের করতে পারেন।

০৬। **আপিল নিষ্পত্তি ও প্রতীক বরাদ্দ:** মনোনয়নপত্র গ্রহণ বা আদেশের বিরুদ্ধে দাখিলকৃত আপিল মাননীয় নির্বাচন কমিশন আপিল দায়েরের পরবর্তী ৩(তিন) দিনের মধ্যে নিষ্পত্তি করবেন। সেই হিসেবে **০৯ জানুয়ারি ২০১৯** তারিখের মধ্যে দায়েরকৃত সকল আপীল নিষ্পত্তি করা হবে। প্রার্থীতা প্রত্যাহারের জন্য নির্ধারিত শেষ তারিখ অর্থাৎ ১০ জানুয়ারি ২০১৯ তারিখের পরের দিন ১১ জানুয়ারি ২০১৯ তারিখে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে পদ্ধতিগতভাবে প্রতীক বরাদ্দ করতে হবে। তবে বিদ্যমান প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে প্রতীক বরাদ্দের প্রয়োজন নেই।

০৭। **ছুটির দিন ও অফিস সময়ের পর দায়িত্বপালন:** অফিস চলাকালীন সময় অর্থাৎ সকাল ০৯ ঘটিকা হইতে বিকাল ৫ ঘটিকা পর্যন্ত মনোনয়নপত্র গ্রহণ করা হবে। একইভাবে নির্বাচন কমিশনে আপিল গ্রহণ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টার মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রার্থীতা প্রত্যাহারের জন্য নির্ধারিত শেষ তারিখের বিকাল ৫.০০ টার পর কোন প্রত্যাহারের আবেদন গৃহীত হবেনা। তবে মনোনয়নপত্র বাছাই ও বাছাই পরবর্তী আপীল দায়ের, আপীল নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম গ্রহণের সুবধার্থে ছুটির দিন ও অফিস সময়ের পরেও রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারসহ নির্বাচন সংশ্লিষ্ট অফিস খোলা রেখে কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়সহ নির্বাচন পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণে ইতোপূর্বে জারীকৃত নির্দেশনার আলোকে ব্যবস্থা নিতে হবে।

০৮। **ইতোপূর্বের নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ:** এতদ্ব্যতীত একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ইতোপূর্বে জারীকৃত পরিপত্র ১-১৭ এর নির্দেশনার আলোকে সময়সূচির সাথে সমন্বয় করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তদানুযায়ী মৃত্যুজনিত কারনে ৩১ গাইবান্ধা-৩ নির্বাচনি এলাকায় সংসদ সদস্য নির্বাচনের কার্যক্রম গ্রহণের লক্ষ্যে জারীকৃত সময়সূচির আলোকে ইতোমধ্যে জারীকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে ।

২৩/১২/২০১৮

**(ফরহাদ আহাম্মদ খান)**
যুগ্মসচিব (নিঃপঃ-২)
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস) ৭৯১১৮৪৬ (বাসা)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

জেলা প্রশাসক, গাইবান্ধা
ও
রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৮৪০

তারিখ: ০৯ পৌষ ১৪২৫
২৩ ডিসেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, রংপুর
১১. উপমহাপুলিশ পরিদর্শক, রংপুর রেঞ্জ
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৮. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. পুলিশ সুপার, গাইবান্ধা
২০. জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা
২১. উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্যাপুর উপজেলা/ পলাশবাড়ী উপজেলা, গাইবান্ধা ও সহকারী রিটার্নিং অফিসার
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাইবান্ধা
২৩. জেলা তথ্য অফিসার, গাইবান্ধা
২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ –এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৮. উপজেলা নির্বাচন অফিসার, সাদুল্যাপুর উপজেলা/ পলাশবাড়ী উপজেলা, গাইবান্ধা
২৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট থানা)

২৩/১২/১৮

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
ফোন: ৫৫০০৭৬১০ ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮
E-mail: sasemc1@gmail.com

২

সংলগ্নী-২

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

## প্রজ্ঞাপন

তারিখ, ০৯ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ/২৩ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৮৩৯।- আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য নির্বাচনি এলাকা ৩১ গাইবান্ধা-৩ আসনের বৈধভাবে মনোনীত প্রার্থী জনাব ডঃ টি,আই,এম ফজলে রাব্বি চৌধুরী-এর মৃত্যুজনিত কারণে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১৭ অনুচ্ছেদের (২) দফার বিধান অনুসারে নির্বাচন কমিশন গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতা বলে উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে ১ (এক) জন সংসদ সদস্য নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভোটারগণকে আহ্বান জানাইতেছে এবং নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করিতেছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৯ পৌষ ১৪২৫ / ০২ জানুয়ারি ২০১৯ | (বুধবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ পৌষ ১৪২৫ / ০৩ জানুয়ারি ২০১৯ | (বৃহস্পতিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৭ পৌষ ১৪২৫ / ১০ জানুয়ারি ২০১৯ | (বৃহস্পতিবার) |
| (ঘ) | **ভোটগ্রহণের তারিখ** | : | ১৪ মাঘ ১৪২৫ / **২৭ জানুয়ারি ২০১৯** | **(রবিবার)** |

২। উল্লেখ্য যে, ০৮ নভেম্বর ২০১৮/২৪ কার্তিক ১৪২৫ তারিখে নির্বাচনি সময়সূচি ঘোষণার পর পরবর্তীতে ১২ নভেম্বর ২০১৮/২৮ কার্তিক ১৪২৫ তারিখে পুনঃনির্ধারিত সময়সূচি জারির পর ইতোপূর্বে **যাদের নাম প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকায় রয়েছে তাদেরকে নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না এবং জামানতের অর্থও জমা দিতে হবে না।**

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(হেলালুদ্দীন আহমদ)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা।

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক গেজেটের ৪,০০০ (চার হাজার) কপি সরকারি কাজে ব্যবহারের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৮৩৯

তারিখঃ ১৯ পৌষ ১৪২৫ / ২৩ ডিসেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, .............................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

C:\Users\ecs\Downloads\Desktop\gai\31 Gaibanda-1 Schedule.doc

৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, ................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, রংপুর
১১. উপমহাপুলিশ পরিদর্শক, রংপুর রেঞ্জ, রংপুর
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৮. জেলা প্রশাসক, গাইবান্ধা ও রিটার্নিং অফিসার
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. পুলিশ সুপার, গাইবান্ধা
২১. জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা
২২. উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্যাপুর/পলাশবাড়ী, গাইবান্ধা ও সহকারী রিটার্নিং অফিসার
২৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাইবান্ধা
২৪. জেলা তথ্য অফিসার, গাইবান্ধা
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ( প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................. –এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ........................................ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৯. উপজেলা নির্বাচন অফিসার, সাদুল্যাপুর/পলাশবাড়ী, গাইবান্ধা
৩০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাদুল্যাপুর/পলাশবাড়ী থানা, গাইবান্ধা
৩১. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

২৩/১২/১৮

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০ ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮
০১৭১৬৮৪৬৯৮২ (মোবাইল)
E-mail: sasemc1@gmail.com

সংলগ্নী-২

# গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি .............................................
(নাম)
...................................................... ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে,
(পদবী)
আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৩১ গাইবান্ধা-৩ নির্বাচনি এলাকার বৈধভাবে মনোনীত প্রার্থী জনাব ডঃ টি,আই,এম ফজলে রাব্বি চৌধুরী-এর মৃত্যুজনিত কারণে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১৭ অনুচ্ছেদের (২) দফার বিধান অনুসারে নির্বাচন কমিশন গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতা বলে উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে ১ (এক) জন সংসদ সদস্য নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভোটারগণকে আহ্বান জানাইতেছে এবং নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৯ পৌষ ১৪২৫<br>০২ জানুয়ারি ২০১৯ | (বুধবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ পৌষ ১৪২৫<br>০৩ জানুয়ারি ২০১৯ | (বৃহস্পতিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৭ পৌষ ১৪২৫<br>১০ জানুয়ারি ২০১৯ | (বৃহস্পতিবার) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ১৪ মাঘ ১৪২৫<br>**২৭ জানুয়ারি ২০১৯** | **(রবিবার)** |

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ..........................................
(নির্বাচনি এলাকার নম্বর ও নাম)
নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ০২ জানুয়ারি ২০১৮/ ১৯ পৌষ ১৪২৫ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৫টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে.................................. এবং
(কার্যালয়ের নাম ও ঠিকানা)
আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে ............................................. মনোনয়নপত্র গৃহীত হবে।
(কার্যালয়ের নাম ও ঠিকানা)
উল্লেখ্য যে, ০৮ নভেম্বর ২০১৮/২৪ কার্তিক ১৪২৫ তারিখে নির্বাচনি সময়সূচি জারি ও পরবর্তীতে ১২ নভেম্বর ২০১৮/২৮ কার্তিক ১৪২৫ তারিখে পুনঃনির্ধারিত সময়সূচি জারির পর ইতোপূর্বে **যাদের নাম প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকায় রয়েছে তাদেরকে নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না এবং জামানতের অর্থও জমা দিতে হবে না।**

তারিখ: | ২ | ৩ | দিন | ১ | ২ | মাস | ২ | ০ | ১ | ৮ | বৎসর

রিটার্নিং অফিসারের নাম, পদবী ও স্বাক্ষর
নির্বাচনি এলাকার নম্বর ও নাম।